দৈনিক ইত্তেফাক

তারিখ 11 DEC 1995
পৃষ্ঠা ৬ কলাম ৭

17

# ভোলায় বেসরকারী শিক্ষকদের অনুদানের অর্থপ্রাপ্তিতে বিলম্ব

ভোলা সংবাদদাতা ॥ কর্তৃপক্ষ বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশের চেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহে হস্তান্তর করার অন্তত ১২ দিন পর শিক্ষক কর্মচারীদের হাতে উহা পৌঁছায়। ইতিপূর্বে সরকার ঘোষণা করিয়াছিলো যে, প্রতিমাসের বেতন-ভাতা পরবর্তী মাসের পনের তারিখের মধ্যে শিক্ষক-কর্মচারীদের হাতে পৌঁছাইবার ব্যবস্থা করিবে। কিন্তু বাস্তবে উহা প্রদান করা হইতেছে মাসাধিককাল পর। গত অক্টোবর মাসের বেতনের চেক কর্তৃপক্ষ ব্যাংকসমূহে হস্তান্তর করিয়াছেন গত ২১শে নভেম্বর। এই টাকা শিক্ষক-কর্মচারীদের হাতে পৌঁছিবে ৭ই ডিসেম্বর।

ভোলা জেলায় বেতনের এই টাকা সরকার প্রদান করেন কেবল রূপালী ব্যাংকের মাধ্যমে। কিন্তু মূল ভূখণ্ড হইতে বিচ্ছিন্ন থানা মনপুরায় রূপালী ব্যাংকের কোন শাখা না থাকায় ঐ থানার বেতন গ্রহণ করিতে আসিতে হয় উত্তাল মেঘনা পাড়ি দিয়া লালমোহন থানার ডাওরীহাট রূপালী ব্যাংক শাখায়। পথের দূরত্ব প্রায় ৫০ কিলোমিটার। তজুমদ্দিন থানার শিক্ষকদের বেতনও একই ব্যাংক হইতে উত্তোলন করিতে হয়। কেননা তজুমদ্দিনেও রূপালী ব্যাংকের কোন শাখা নাই। দৌলতখান থানা হইতে ১২ কিলোমিটার দূরের বাংলাবাজার রূপালী ব্যাংকের শাখা হইতে এই থানার শিক্ষকদের বেতনের টাকা তুলিতে হয়। এখানেও রূপালী ব্যাংকের কোন শাখা নাই। শিক্ষক-কর্মচারীদের এই ভোগান্তি হইতে রক্ষার্থে উল্লিখিত তিন থানায় আছে এমন ব্যাংক হইতে টাকা উত্তোলনের সুযোগ প্রদানে কর্তৃপক্ষের বিবেচনা আশা করা হইয়াছে।